

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.২৩.০৫২.১৩- ২৬৬৭

তারিখ: ২৬/০৩/২০২৪  
৫৭/০৩/২০২৪

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৪ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে যে কোন দুর্ঘটনা মোকাবিলায় অগ্নি নিরাপত্তামূলক ব্যবস্থাদি গ্রহণ ও কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সারা দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৪ পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে সরকারি বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নকল্পে অনুষ্ঠানসমূহের নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় অগ্নি নিরাপত্তামূলক ব্যবস্থাদি গ্রহণ করতে হবে। এছাড়া ভিডিআইপি/ভিআইপিগণের স্বাভাবিক চলাচল পথে প্রায়মান টহল ডিউটি নিয়োজিতকরণসহ নিয়োক্ত অগ্নি নিরাপত্তামূলক ব্যবস্থাদি গ্রহণ ও কর্মসূচি পালন করতে হবে:

ক্রঃ নং	গৃহীত কার্যক্রম	বাস্তবায়নকারী
১।	২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৪ উদযাপন	সম্মতকালীন নিষ্পদীপ (Blackout) কর্মসূচি গ্রহণ করা হলে মহানগর/জেলাশহর/উপজেলা সদরে প্রায়মান টহল ডিউটি নিয়োজিত করতে হবে। সকল ফায়ার স্টেশনকে সর্বোচ্চ সতর্ক অবস্থায় রাখতে হবে। স্থানীয় প্রশাসনের চাহিদার ভিত্তিতে অগ্নিনিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২।	২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে বিভাগ/জেলা/মহানগর/উপজেলা শহরের স্মৃতিসৌধ এলাকা ও সরকারি অনুষ্ঠানস্থলের অগ্নি নিরাপত্তামূলক ব্যবস্থাদি গ্রহণ।	নিয়োজিত গাড়ি/পাম্প: স্থানীয় প্রশাসনের চাহিদার ভিত্তিতে ও সমন্বয় করে সুবিধা অনুযায়ী (বিদ্যমান থাকলে) জনবলসহ পানিবাহী গাড়ি/টুইলার ওয়াটার মিস্ট/ফায়ার এক্সটিংগুইসার দিয়ে দায়িত্ব পালন করতে হবে। (১) এ্যান্ডুলেল গাড়ি; (২) লাইটিং ইউনিট (রাত্রিকালীন সময়ে)।
৩।	২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে সূর্য উদয়ের সাথে সাথে সকল বিভাগীয়/জেলা/উপজেলার দপ্তর/ফায়ার স্টেশনসমূহে যথাযোগ্য মর্যাদায় সাথে সঠিক মাপ ও রং এর জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।	উপপরিচালক, সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকগণ বাস্তবায়ন/তদারকি করবেন।
৪।	আপদকালীন সময়ে যে কোন দুর্ঘটনা মোকাবেলার জন্য প্রত্যেক বিভাগীয়/জেলা/ মহানগর/উপজেলা শহরের স্টাইকিং ফোর্স হিসেবে স্পেশাল টিম প্রস্তুত রাখতে হবে।	উপপরিচালক, সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকগণ বাস্তবায়ন/তদারকি করবেন।
৫।	সুবিধা অনুযায়ী প্রত্যেক বিভাগীয়/জেলা/উপজেলা শহরের দপ্তর/ফায়ার স্টেশনসমূহে স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য সম্পর্কে আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন করতে হবে।	উপপরিচালক, সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকগণ বাস্তবায়ন/তদারকি করবেন।
৬।	দিবসটি উদযাপন উপলক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের ০১টি চৌকষ টিম প্রতিটি বিভাগ, মহানগর, জেলা ও উপজেলায় আয়োজিত কুচকাওয়াজে অংশগ্রহণ করতে হবে।	উপপরিচালক, সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালকগণ বাস্তবায়ন/তদারকি করবেন।

উক্ত কর্মসূচির বিষয়ে গৃহীত কর্মপরিকল্পনা আগামী ২০-০৩-২০২৪ তারিখের মধ্যে অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করতে হবে। উপপরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা বিভাগ, ঢাকাকে মহানগরী ও তৎসংলগ্ন এলাকার জন্য পৃথকভাবে অগ্নি নিরাপত্তামূলক পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে জীর অধীন সকল দপ্তর/স্টেশনে পত্র জারি করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য বর্ণিত বিষয়ে এসএসএফ এবং স্থানীয় প্রশাসনের চাহিদার সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

  
০৩/০৩/২০২৪

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী  
এসজিপি, পিএসসি  
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

উপপরিচালক/অধ্যক্ষ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/ঢেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজন্য ক্ষেত্রে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.....(সকল)।
- ৬। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,.....(জেলা)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয়/বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/ সিলেট/ময়মনসিংহ (তাকে বার্তাটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে অনুরোধ করা হলো)।